6

দৈনিক সংবাদ

তারিখ ... 11 NOV 1998 ...
পৃষ্ঠা: ৬ ... কলাম ... ৪ ...

# চাঁদপুরে চার শতাধিক দরিদ্র ছাত্রছাত্রীর মধ্যে শিক্ষোপকরণ বিতরণ করা হয়েছে

চাঁদপুর,১০ই নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।– সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের উদ্যোগে শহরের গনি মডেল হাইস্কুল ও ডিএন উচ্চ বিদ্যালয়ের চার শতাধিক দরিদ্র ছাত্রছাত্রীর মধ্যে বই–খাতা ও কাগজ–কলম ইত্যাদি বিতরণ করা হয়েছে। গত ২১শে অক্টোবর সকালে এসব সামগ্রী বিতরণশেষে সন্ধ্যায় স্থানীয় চাঁদপুর প্রেসক্লাবে সংগঠনের পক্ষ থেকে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়। সম্মেলনে বন্যায়বিধ্বস্ত শিক্ষা প্রতিষ্ঠান–গুলো অবিলম্বে মেরামত ও পুনর্নির্মাণ, জুলাই থেকে ডিসেম্বর পর্যন্ত ছাত্রছাত্রীদের বেতন মওকুফ, বন্যার্ত ছাত্রছাত্রীদের মধ্যে বিনামূল্যে শিক্ষাসামগ্রী বিতরণ, বার্ষিক পরীক্ষা ডিসেম্বর মাসে অনুষ্ঠান এবং দুর্গত ছাত্রছাত্রীদের অভিভাবকদের রেশনের মাধ্যমে খাদ্য ও বস্ত্র প্রদানের দাবি জানানো হয়। সাংবাদিক সম্মেলনে অন্যান্যের মধ্যে সংগঠনের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মমতাজুর আলম ইলু, চাঁদপুর শাখার আহ্বায়ক আজিজুর রহমান ও শহর শাখার আহ্বায়ক জাহাঙ্গীর হোসেন উপস্থিত ছিলেন।